



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd/)



স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০২০/৪৪১

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৭
১৬ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : ২০২০ সালের আলিম পরীক্ষার প্রশ্নপত্রের ট্রাংক ও অব্যবহৃত প্রশ্ন বিক্রয় বাবদ অর্থ বোর্ডে জমাদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর কারণে ২০২০ সালের আলিম পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি। ইতিমধ্যে বিকল্প পদ্ধতিতে আলিম পরীক্ষা ২০২০ এর ফলাফল গত ৩০/০১/২০২১ তারিখ প্রকাশ করা হয়েছে। এমতাবস্থায় আলিম পরীক্ষা ২০২০ এর কেন্দ্রওয়ারী বরাদ্দকৃত প্রশ্নপত্রের ট্রাংক, মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, MCQ OMR সহ আনুষঙ্গিক মালামাল অত্র বোর্ডের ১০ ফেব্রুয়ারি ২০২১ তারিখের বামাশিবো/পরী/আলিম-২০২০/৪৩৮ স্মারকের নির্দেশনা মোতাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ট্রেজারী/থানা থেকে গ্রহণ করেছেন এবং প্রশ্নপত্র ব্যতীত সকল মালামাল দাখিল (২০২১ সনের) পরীক্ষায় ব্যবহারের নিমিত্ত স্ব-স্ব কেন্দ্রে সংরক্ষণের জন্য নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছেন। ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ অব্যবহৃত প্রশ্নপত্র বিক্রি করে নির্ধারিত পরিমাণ টাকা (যা বোর্ডের **website**-এ দেয়া আছে) অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা শিরোনামে সোনালী ব্যাংক লিমিটেড, বিএমইবি শাখা, ঢাকার ৪৪০৩২৩৩০০১০৩৫ নং হিসাবে জমাদান পূর্বক জমা রশিদ ও খালি ট্রাংক নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অফিস সময়ে মাদ্রাসা শিক্ষা বোর্ডে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:-

ক্রমিক	বিভাগের নাম	জমাদানের তারিখ
১.	ঢাকা	২৪/০২/২০২১
২.	ময়মনসিংহ	২৪/০২/২০২১
৩.	চট্টগ্রাম	২৫/০২/২০২১
৪.	রাজশাহী	২৭/০২/২০২১
৫.	রংপুর	২৮/০২/২০২১
৬.	খুলনা	০১/০৩/২০২১
৭.	বরিশাল	০৩/০৩/২০২১
৮.	সিলেট	০৪/০৩/২০২১

বিঃদ্র: কেন্দ্রওয়ারী (অব্যবহৃত প্রশ্নপত্র বিক্রয় বাবদ) টাকার পরিমানের তালিকা অত্র বোর্ডের ওয়েবসাইটে দেয়া আছে। এ ছাড়াও লিংকে http://www.ebmeb.gov.bd/static/notice/Centre_wise_packet_distribution.pdf ক্লিক করে তালিকা পাওয়া যাবে।

মোঃ কামাল উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল : controller@bmeb.gov.bd

ভারপ্রাপ্ত কর্মকর্তা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন আলিম পরীক্ষা-২০২০ এর
কেন্দ্রসমূহ।

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০২০/৪৪১(৫)

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৭
১৬ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ:

- ১। রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ২। হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। ভান্ডার রক্ষক-১, ২, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৫। অফিস কপি।

ড. মোঃ হসাইন মাহমুদ ফারুক

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৯৬৭৫৩৬৯



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd/)

